



### এরশাদ জাতিসংঘ জনসংখ্যা পুরস্কার পেলেন

রাষ্ট্রপতি এইচ. এম. এরশাদ ১৯৮৭ সালের জাতিসংঘ জনসংখ্যা পুরস্কারের জন্য নিবাচিত হয়েছেন। সরকারী সূত্রে একথা বলা হয়েছে।

১৭ সদস্যবিশিষ্ট জাতিসংঘ জনসংখ্যা পুরস্কার কমিটি গত বৃহস্পতিবার অনুষ্ঠিত তাদের বৈঠকে এই সিদ্ধান্ত নেয়। জাতিসংঘের মহাসচিবও এই কমিটির সদস্য। এই পুরস্কারের জন্য ১৯ জন মনোনয়ন পেয়েছিলেন।

এর আগে ১৯৮৩ সালে ভারতের নিহত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এই পুরস্কার পেয়েছিলেন। বাংলাদেশে পরিবার পরিকল্পনা কর্মসূচীর ব্যাপারে রাষ্ট্রপতি এরশাদের ব্যক্তিগত নিষ্ঠা ও সক্রিয় অংশগ্রহণের জন্যই তাকে এ পুরস্কার দেয়ার সিদ্ধান্ত হয়েছে। খবর বাসস র।